**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা দুধ, ডিম, মাছ এবং মাংস উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করার জন্য ৯৬৯ কোটি টাকা মূল্যের প্রকল্প প্রস্তাব করেন ।**

**(২) লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, কেন্দ্রীয় সরকার রাজ্যে জাতীয় সড়ক এবং অন্যান্য সড়ক নির্মাণে এখনও পর্যন্ত ২৪ হাজার কোটি টাকা ব্যয় করেছে ।**

**(৩) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ ভারতের প্রথম ট্রেন যাত্রার ১৭২তম বার্ষিকী উদযাপন করেছেন ।**

**(৪) কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী বি এল ভার্মা বিলোনিয়ায় এক বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।**

**********************************************

**Doner Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা দুধ, ডিম, মাছ এবং মাংস উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করার জন্য ৯৬৯ কোটি টাকা মূল্যের প্রকল্প প্রস্তাব করেন। আজ কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং উত্তর-পূর্ব রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের উপস্থিতিতে উচ্চ-স্তরীয় টাস্ক ফোর্সের ভার্চুয়াল বৈঠকে মুখ্যমন্ত্রী এই প্রস্তাব করেন। মুখ্যমন্ত্রী ৮০ কোটি টাকা ব্যয়ে প্রতিটি জেলায় ২০০টি গবাদি পশু রাখার ক্ষমতা সম্পন্ন ডেয়ারি ফার্ম এবং ৭ কোটি টাকা ব্যয়ে গোমতী কোঅপারেটিভ মিল্ক প্রোডিউসারস ইউনিয়ন লিমিটেডের পরিকাঠামো আরো শক্তিশালী করার প্রস্তাব রাখেন।

এনডিডিবির সহায়তায় প্রতিটি মহকুমায় বাল্ক মিল্ক কুলিং স্টেশন গড়ে তোলারও প্রস্তাব রাখেন। মুখ্যমন্ত্রী ডাঃ সাহা প্রতিটি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কাউন্সিলের কৃষক/স্বসহায়ক গ্রুপ/উৎপাদক গোষ্ঠীগুলিকে মিনি হ্যাচারি সরবরাহের জন্য ১৫ কোটি টাকা মূল্যের প্রকল্পের প্রস্তাব করেন।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা প্রত্যেক জেলার জেলাশাসক ও পুলিশ সুপারদের প্রতিমাসে অন্যান্য দপ্তরের জেলাপর্যায়ের আধিকারিকদের নিয়ে এলাকা পরিদর্শন ও জনগণের সমস্যা নিরসনে উদ্যোগী হতে নির্দেশ দিয়েছেন। আজ সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের ৮ জেলার জেলাশাসক এবং পুলিশ সুপার সহ পদস্থ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী এই নির্দেশ দেন। বৈঠকে রাজ্যের সামগ্রিক উন্নয়নমূলক কাজকর্ম, আইন শৃঙ্খলা ও জনগণের অভাব অভিযোগ সম্পর্কিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। মাদক পাচারকারী এবং এরসঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা এবং ড্রাগস প্রবণ এলাকাসমূহ চিহ্নিত করার জন্য মুখ্যমন্ত্রী বিশেষ গুরুত্বারোপ করেন।

*******************************

**Biplab Kumar Deb :**

লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, কেন্দ্রীয় সরকার রাজ্যে জাতীয় সড়ক এবং অন্যান্য সড়ক নির্মাণে এখনও পর্যন্ত ২৪ হাজার কোটি টাকা ব্যয় করেছে। আজ আগরতলার সরকারী অতিথিশালায় কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে সড়ক প্রকল্পগুলো পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন।

######Byte-Biplab Kumar Deb-1######

সাংসদ শ্রী দেব বলেন, রাজ্যে বিভিন্ন স্থানে জাতীয় সড়ক দুর্ঘটনা হ্রাস করতে বৈঠকে তিনি এক গুচ্ছ পরামর্শ দেন। তিনি বলেন, ত্রিপুরার রাস্তাগুলি দ্রুতগতির যানবাহনের জন্য নয় এবং যে কারণে সাবধানতার সাথে বাইক চালানো উচিত। যানবাহন চালানোর সময় গতি নিয়ন্ত্রণের বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

######Byte-Biplab Kumar Deb-2######

পর্যালোচনা বৈঠকে জেলাশাসক ডা: বিশাল কুমার বিভিন্ন রুটে বেআইনি পার্কিং বন্ধ করা, বালি বা মাটি বহনকারী গাড়িগুলোর ফিটনেস আছে কিনা সেগুলো খতিয়ে দেখার উপর গুরুত্ব দিয়েছেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ও প্রশাসনিক পদস্থ আধিকারিকগণ।

**********************************

**Opposition Leader-Sabroom :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী সিপিআইএমের পলিটব্যুরোর সদস্য নির্বাচিত হওয়ায় আজ তাঁকে সাব্রুম মহকুমার বিভিন্ন স্থানে সংবর্ধনা জানানো হয়। সিপিআইএম নেতৃবৃন্দ ও কর্মীরা তাঁকে সংবর্ধনা জ্ঞাপন করেন।

****************************

**Death 2 labour :**

আমবাসা ব্লকের নাইলাহাবাড়িতে আজ রেগার কাজ করার সময় গাছ ভেঙ্গে পড়ে রবার্ট মলসম এবং জুহিরানী মলসম নামে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। তাছাড়া এই ঘটনায় আহত দুই শ্রমিক সূর্যসা মলসম ও জগৎভক্ত মসলমকে ধলাই জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। মহকুমা পুলিশ আধিকারিক নিরুপম দত্ত এখবর জানিয়েছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Ashwini Vaishnaw :**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ ভারতের প্রথম ট্রেন যাত্রার ১৭২তম বার্ষিকী উদযাপন করেছেন। ১৮৫৩ সালের ১৬ই এপ্রিল বোরি বন্দর থেকে মহারাষ্ট্রের থানে পর্যন্ত ঐতিহাসিক ট্রেন যাত্রা শুরু হয়। সামাজিক মাধ্যমে মন্ত্রী ভারতীয় রেলের জন্মের দিনটিকে জাতির ইতিহাসে একটি যুগান্তকারী দিন হিসাবে বর্ণণা করেছেন। তিনি বলেন যে এই দিনটিকে উদযাপনের জন্য সরকারি ছুটি ঘোষণা করা হয়েছিল। শ্রী বৈষ্ণো উল্লেখ করেন যে ট্রেনটিতে ১৪টি কোচ ছিল এবং ৪০০ জন আমন্ত্রিত যাত্রী ছিলেন। সিন্ধু, সুলতান এবং সাহেব নামে তিনটি ইঞ্জিন ট্রেনটিকে টেনে নিয়ে গিয়েছিল এবং ট্রেনটি ১ ঘন্টা ১৫ মিনিটে ৩৪ কিলোমিটার দূরত্ব অতিক্রম করেছিল। রেলের ঐতিহ্য তুলে ধরে মন্ত্রী বলেন যে সেই প্রথম যাত্রার পর থেকে, ভারতীয় রেল দেশের সেবা করার প্রতিশ্রুতিতে অবিচল রয়েছে।

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

**Union Minister B L Verma :**

কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন এবং সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী বি এল ভার্মা আজ দক্ষিন জেলা সদর বিলোনিয়া সফর করেন। বিলোনিয়া সার্কিট হাউসে শ্রী ভার্মার পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ ও স্বপ্না মজুমদার, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতি ও বিএসির চেয়ারম্যানগন, বিলোনিয়া ও শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারম্যানগন। সভা শেষে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রী ভার্মা বিলোনিয়া শহরের ওয়ান স্টপ সেন্টার, ভারতচন্দ্র ব্লক এলাকায় অমৃত সরোবর, ব্রীজ চৌমুহনীতে একটি রেশন দোকান ও উত্তর সাড়াসীমা উপ-স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন।

***************************

**GEM :**

ভারতের সর্ববৃহৎ সরকারি ক্রয়ের ই-মার্কেটপ্লেস, GeM, ২০২৪-২৫ অর্থবছরে স্বাস্থ্য, জীবন এবং ব্যক্তিগত দুর্ঘটনা বীমা পলিসিতে ১ লক্ষ ৩০ হাজার কোটি টাকারও বেশি ব্যক্তিকে বীমা সুবিধা প্রদান করেছে। এক বিবৃতিতে, বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে যে GeM একই অর্থবছরে ১০

লক্ষ ব্যক্তি নিয়োগ করেছে। এই অর্জন সম্পর্কে বলতে গিয়ে, GeM-এর সিইও অজয় ভাদু বলেছেন যে মার্কেটপ্লেসটি নিরবচ্ছিন্ন, নিরাপদ এবং সাশ্রয়ী ক্রয় সমাধান প্রদানের জন্য তার প্ল্যাটফর্মকে ক্রমাগত উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

****************************

**Export Growth :**

২০২৪-২৫ অর্থবছরে ভারতের রপ্তানি ৫.৫% বৃদ্ধি পেয়ে রেকর্ড ৮২০.৯৩ বিলিয়ন ডলারে পৌঁছেছে। বিশ্ববাজারে অনিশ্চয়তা সত্ত্বেও, ভারতের মোট পণ্য ও পরিষেবা রপ্তানি ৫.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা ২০২৪-২৫ সালের এপ্রিল-মার্চ মাসে রেকর্ড ৮২০.৯৩ বিলিয়ন ডলারে পৌঁছেছে, যা আগের অর্থবছরে ৭৭৮.১৩ বিলিয়ন ডলার ছিল।

**************************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে বৃষ্টি বিঘ্নিত ম্যাচে ওল্ড প্লে সেন্টার ডি এল এস পদ্ধতিতে ২ রানে কসমোপলিটান ক্লাবকে, মেলাঘরের মাঠে ইউনাইটেড বি এস টি ২ উইকেটে মৌচাক ক্লাবকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে বনমালীপুর ক্রিকেট ক্লাব ৪ উইকেটে চলমান সংঘকে পরাজিত করে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং ঊনকোটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে  ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। পশ্চিম, ধলাই, খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার ও সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ

সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলা বিমান বন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ২৪ দশমিক চার মিলিমিটার। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************